

## আইয়ুব খানের এনএসএফের ভূমিকায় ছাত্রলীগ: ভিপি নুরুল

প্রতিবেদক, ঢাকা বিশ্ববিদ্যালয়

০৫ নভেম্বর ২০১৯, ২০:৫৪  
আপডেট: ০৫ নভেম্বর ২০১৯, ২১:০৯

ক্ষমতাসীন আওয়ামী লীগের ভাত্তপ্রতিম সংগঠন  
বাংলাদেশ ছাত্রলীগ এখন পূর্ব পাকিস্তানের সামরিক  
শাসক আইয়ুব খানের ছাত্রসংগঠন এনএসএফের  
ভূমিকায় অবতীর্ণ হয়েছে বলে মন্তব্য করেছেন ঢাকা  
বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু)  
সহসভাপতি (ভিপি) নুরুল হক। জাহাঙ্গীরনগর  
বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগ ও আন্দোলনকারী  
শিক্ষক-শিক্ষার্থীদের ওপর হামলাকাবীদের বিচার দাবি

ডাকসুর ভিপি নুরুল হক নুর। ফাইল ছবি


କରେହେନ ତିନି ।

আজ মঙ্গলবার দুপুরের দিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগ দাবিতে আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের মিছিল থেকে হামলার ঘটনা ঘটে। এতে অন্তত ৩০ জন আহত হন। উপাচার্যের বাসভবনের সামনে এ ঘটনা ঘটে।

এর প্রতিবাদে আজ সন্ধ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষেপ মিছিল কর্মসূচির ডাক দেন ডাকসু ভিপি নুরুল হক। মিছিলের আগে রাজু ভাস্কর্যের পাদদেশে দেওয়া বক্তব্যে ভিপি নুরুল হক বলেন, ‘প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রলীগ একটি সন্ত্রাসী বাহিনীতে পরিণত হয়েছে। ছাত্রলীগের গত কয়েক বছরের কর্মকাণ্ড পর্যালোচনা করলে দেখা যায়, তাদের কর্মকাণ্ড কোনো ছাত্রসংগঠনের কর্মকাণ্ডের মধ্যে পড়ে না। শিক্ষার্থীদের যৌক্তিক আন্দোলনে ছাত্রলীগের সন্ত্রাসীরা হামলা চালায়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েও তা-ই হয়েছে। দুঃখের বিষয়, জাহাঙ্গীরনগরের কলক্ষিত

উপাচার্য ফারজানা ইসলামকে রক্ষার জন্য ছাত্ৰলীগেৰ লাঠিয়াল বাহিনী আন্দোলনকাৱী শিক্ষক-শিক্ষার্থীদেৱ ওপৰ  
হামলা চালিয়েছে।' সেখানে আৱাও বক্তৃত্ব দেন সমাজতাত্ত্বিক ছাত্ৰ ফ্ৰন্টেৱ (মাৰ্কৰ্বাদী) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখাৰ

সভাপতি সালমান সিদ্দিকী, সাধাৱণ ছাত্ৰ অধিকাৱ সংৰক্ষণ পৰিষদেৱ যুগ্ম আহ্বায়ক রাশেদ খান ও বিন ইয়ামিন  
মোল্লা।



পৱে রাজু ভাক্ষৰ্য থেকে মিছিল শুৰু হয়। শামসুন নাহার হল, রোকেয়া হল ও মল চতুৰ হয়ে সূৰ্য সেন হলেৱ সামনে  
দিয়ে কলাভবন, শ্যাডো ও অপৱাজেয় বাংলাৰ সামনে দিয়ে ফেৱ টিএসসিতে গিয়ে মিছিলটি শেষ হয়। মিছিল শেষে  
রাজু ভাক্ষৰ্য ভিপি নুৰুল হক বলেন, জাহাঙ্গীরনগৱ বিশ্ববিদ্যালয়সহ দেশেৱ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ছাত্ৰলীগেৱ সন্তোষী  
কৰ্মকাণ্ডে প্ৰতিবাদে কাল (বুধবাৰ) ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আবাৱাও বিক্ষোভ কৰ্মসূচি কৱা হবে।